ভিডিও ছবি ছবি

ভর্তি

# মেডিকেলে ভর্তিতে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ করে ফল প্রকাশের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

হাইকোর্ট ভবন *ফাইল ছবি*

By using this site, you agree to our Privacy Policy. OK

মেডিকেল ও ডেন্টাল কলেজ বা ইউনিটে এমবিবিএস ও বিডিএস কোর্সে চলতি শিক্ষাবর্ষে (২০২৩-২৪) শিক্ষার্থী ভর্তিতে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা (সন্তান, সন্তানের সন্তান) সংরক্ষণ করে ফল প্রকাশ করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মো. আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ বৃহস্পতিবার রুলসহ এ আদেশ দেন।

৫ শতাংশের পরিবর্তে মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য মোট আসনের ২ শতাংশ আসন সংরক্ষিত রাখাসংক্রান্ত ভর্তি নীতিমালার বিধান ও ভর্তি বিজ্ঞপ্তির বৈধতা নিয়ে মুক্তিযোদ্ধার সন্তান ও প্রজন্ম, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সভাপতি অহিদুল ইসলাম ৩০ জানুয়ারি রিটটি করেন। বিজ্ঞপ্তি অনুসারে ৯ ফেব্রুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মুনতাসির উদ্দিন আহমেদ, সঙ্গে ছিলেন আইনজীবী অজিত শীল। রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তুষার কান্তি রায় ও সহকারী অ্যাটর্নি জেনারেল সেলিম আযাদ।

গত বছরের ডিসেম্বরে মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্টে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪ জারি করে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমঅ্যান্ডডিসি)। এই নীতিমালা দেশের সব সরকারি বা বেসরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ বা ডেন্টাল ইউনিটে ২০২৩-২৪ শিক্ষাবর্ষ হতে এমবিসিএস/বিডিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে কার্যকর হবে বলে উল্লেখ করা হয়। নীতিমালায় বলা হয়, মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য মোট আসনের ২ শতাংশ আসন সংরক্ষিত থাকবে। এরপর ১০ জানুয়ারি মেডিকেল কলেজগুলোয় চলতি (২০২৩-২৪) শিক্ষাবর্ষে এমবিবিএসে ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। ৫ শতাংশের পরিবর্তে মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের সন্তানাদির জন্য মোট আসনের ২ শতাংশ আসন সংরক্ষিত রাখাসংক্রান্ত নীতিমালার বিধান ও ভর্তি বিজ্ঞপ্তি চ্যালেঞ্জ করে রিটটি করা হয়।

আদেশের পর আইনজীবী মুনতাসির উদ্দিন আহমেদ প্রথম আলোকে বলেন, ‘২০০৮ সাল থেকে মেডিকেল কলেজে ভর্তিতে মুক্তিযোদ্ধা কোটা ৫ শতাংশ ছিল। মেডিকেল ভর্তি (২০১৩-১৪ শিক্ষাবর্ষ) নিয়ে করা এক রিটের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট ২০১৪ সালের ৬ মার্চ রায় দেন। রায়ে মুক্তিযোদ্ধা কোটা ২ শতাংশের পরবির্তে ৫ শতাংশ সংরক্ষিত রাখতে নির্দেশ দেওয়া হয়। ২০২৪ সালে মেডিকেল ভর্তি নিয়ে জারি করা নীতিমালার পর ২ জানুয়ারি মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা যথাযথভাবে অনুসরণ করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে চিঠি পাঠানো হয়। এ সত্ত্বেও নীতিমালার আলোকে ১০ জানুয়ারি ভর্তি বিজ্ঞপ্তি দেওয়া হলে এসবের বৈধতা নিয়ে রিটটি করা হয়।’

মেডিকেল-ডেন্টাল কলেজ বা ইউনিটে এমবিবিএস ও বিডিএস কোর্সে চলতি শিক্ষাবর্ষে (২০২৩-২৪) ভর্তিতে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা (সন্তান, সন্তানের সন্তান) সংরক্ষণ করে ফল প্রকাশ করতে হাইকোর্ট নির্দেশ দিয়েছেন বলে জানান

By using this site, you agree to our Privacy Policy.

আইনজীবী মুনতাসির উদ্দিন আহমেদ। তিনি প্রথম আলোকে বলেন, ফলে মেডিকেল ভর্তিতে ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা মানতে হবে।

মেডিকেলে ভর্তিতে ৫ শতাংশের পরিবর্তে ২ শতাংশ কোটা সংরক্ষণ রাখাসংক্রান্ত নীতিমালার বিধান, পরে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিস্তারিত নির্দেশিকাসংবলিত ১০ জানুয়ারির বিজ্ঞপ্তি কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, রুলে তা জানতে চাওয়া হয়েছে বলে জানান রিট আবেদনকারীর আইনজীবী।

প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.